

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ

Phone –(202) 244-0183
Fax : (202) 244-2771/7830
E-mail : bdootwash@bdembassyusa.org
Website : www.bdembassyusa.org



EMBASSY OF THE
PEOPLE'S REPUBLIC OF BANGLADESH
3510 International Drive, NW
Washington, D.C 20008

Press Release

December 17, 2011

Victory Day discussion and cultural function at the Bangladesh Embassy, Washington DC

The 40th anniversary of the Victory Day of **Bangladesh** was celebrated with discussion, cultural function and festivity in the auditorium of Bangladesh Embassy in Washington DC this evening (on December 17, 2011). Despite cold wave, an overflowing crowd of about 400 audiences, comprising officials from US State Department and other Agencies, academics, representatives from Think Tanks, socio-cultural organizations and members of the community joined the function, among others. Mr Promode Mankin, State Minister for Ministry of Cultural Affairs, was present as the chief guest on the occasion. Bangladesh **Ambassador** to USA and State Minister H.E. Mr. Akramul Qader, in his welcome speech, paid rich tribute to Father of the nation Bangabandhu Sheikh Mujibur Rahman, millions of martyrs and the valiant freedom fighters for presenting Bangladesh as an Independent and sovereign country in the world map. He said that the present Government of Hon'ble **Prime Minister Sheikh Hasina** is working relentlessly to fulfill the dreams of the **freedom fighters**. Ambassador Qader also mentioned the role of the individuals in the USA to the cause of Bangladesh's independence, and informed the audience about the government's initiative to honor the friends of Bangladesh in different countries of the world. The Ambassador urged the Bangladesh expatriates to come forward for the socio-economic development of the country and graduating Bangladesh into a middle income-country by 2021. The main objective of the present democratic government is to make a poverty free country, Ambassador Qader added.

Paying rich tribute to the matyrs of Independence war and Father of the nation Bangabandhu Sheikh Mujibur Rahman State Minister Promode Mankin recalled the sacrifices of the freedom fighters for achieving the Independence of the country. The State Minister said under the dynamic leadership and directive of Bangabandhu Sheikh Mujib, all Bangalees were united to fight against the Pakistan army to free the country. After nine months of heroic fighting against the pakistani forces, finally on this day (December 16, 1971) we achieved the victory over the occupied forces. He also said the present democratic government under the leadership of Prime Minister Sheikh Hasina is sincerely working for the economic development of people. The government has achieved tremendous success in the agriculture sector attaining

food autarky, he said. Trial of war criminals who were involved in heinous crimes during the war of liberation has been started, Promode Mankin said. The State minister urged the expatriates of Bangladesh to work unitedly and sincerely in their respective fields for making digital Bangladesh a middle income country by 2021.

Mr. Peter Blood, son of Mr. Archer K. Blood-the then US Consul General to Dhaka, in his emotion-choked speech, narrated his father's role in favor of the freedom struggle of Bangalees. He also mentioned that the values that drove Bangladesh to independence were the shared [universal values](#) of human rights and dignity. Mr. Scott Butcher, a lead draftsman and signatory of the 'Blood Telegram', USA, chronicled the struggles and sacrifices of the Bangladesh people during the war of Independence. At the beginning of discussion one minute silence was observed to pay respect for the martyrs of the [independence war](#).

On the occasion the Bangladesh embassy was illuminated tastefully and colourfully and wore a festive look. All guests were served with Bangladeshi cuisine.

On 16 December,2011, as a part of two-day Victory Day programs, Bangladesh [national flag](#) was ceremonially hoisted by Ambassador Qader in presence of all the officials of the Embassy. Messages from Hon'ble President , Hon'ble Prime Minister and Hon'ble Foreign Minister were read out on the occasion. The program in the morning concluded with a special prayer seeking for the eternal peace of the departed souls of the martyrs of the independence war and for the peace and prosperity of the country.

Swapan Kumar Saha, Minister (Press), Embassy of Bangladesh, Washington DC, Phone: 202-244-5071, Fax: 202-244-2771\7830, e-mail-pressministerwash@yahoo.com

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِیْمِ

Phone –(202) 244-0183
Fax : (202) 244-2771/7830
E-mail : bdootwash@bdembassyusa.org
Website : www.bdembassyusa.org



EMBASSY OF THE
PEOPLE'S REPUBLIC OF BANGLADESH
3510 International Drive, NW
Washington, D.C 20008

প্রেস বিজ্ঞপ্তি

ডিসেম্বর ১৭ ২০১১

বিজয় দিবসে বাংলাদেশ দূতাবাসে আলোচনা ও সাংস্কৃতিক অনুষ্ঠান

ওয়াশিংটনস্থ বাংলাদেশ দূতাবাসে আজ (ডিসেম্বর ১৭, ২০১১) মহান বিজয় দিবসের ৪০ বছরপূর্তি উপলক্ষে দুইদিনব্যাপী কর্মসূচীর দ্বিতীয় দিনে বঙ্গবন্ধু অডিটোরিয়ামে আলোচনা ও সাংস্কৃতিক অনুষ্ঠান উৎসবের আমেজ ও উদ্দীপনার মধ্য দিয়ে পালিত হয়। শৈত্য প্রবাহকে উপেক্ষা করে প্রায় চারশত দেশী বিদেশী দর্শকশ্রোতা অনুষ্ঠানে অংশগ্রহণ করেন যাদের মধ্যে ছিল মার্কিন পররাষ্ট্র মন্ত্রণালয়ের কর্মকর্তাবৃন্দ, থিংক ট্যাংক, সামাজিক ও সাংস্কৃতিক সংস্থাসমূহের প্রতিনিধি এবং প্রবাসী বাংলাদেশীরা। আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ সরকারের মাননীয় সংস্কৃতি প্রতিমন্ত্রী প্রমোদ মানকিন। আলোচনা সভায় অংশ নেন যুক্তরাষ্ট্রে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত এবং প্রতিমন্ত্রী জনাব আকরামুল কাদের, মিঃ পিটার ব্লাড, ঢাকাতে তৎকালীন মার্কিন কনসাল জেনারেল মিঃ আর্চার কে ব্লাডের পুত্র এবং মিঃ স্কট বুচার, ড্রাফটসম্যান এবং সিগনেটরী অব দ্য “ব্লাড টেলিগ্রাম” ইউএসএ। সভার শুরুতে শহীদদের প্রতি শ্রদ্ধা ও আত্মার শান্তি কামনা করে এক মিনিট নীরবতা পালন করা হয়।

রাষ্ট্রদূত আকরামুল কাদের তাঁর স্বাগত ভাষণে বাংলাদেশের বিজয় অর্জনের জন্য জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, মুক্তিযুদ্ধের অসংখ্য শহীদ এবং মুক্তিযোদ্ধাদের প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করেন। তিনি বলেন, মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বর্তমান গণতান্ত্রিক সরকার মুক্তিযোদ্ধাদের স্বপ্ন বাস্তবায়নের লক্ষ্যে কাজ করে যাচ্ছে। মুক্তিযুদ্ধে অবদান রাখার জন্য যুক্তরাষ্ট্রের অনেক ব্যক্তির অবদানের কথা স্মরণ করতে গিয়ে তিনি বলেন যে বর্তমান সরকার মুক্তিযুদ্ধে ভূমিকা পালনকারী বিদেশী নাগরিকদের সম্মাননা ও স্বীকৃতি প্রদানের সিদ্ধান্ত নিয়েছেন। বাংলাদেশের রাষ্ট্রদূত প্রবাসী বাংলাদেশীদের দেশের আর্থ সামাজিক উন্নয়নে এবং বাংলাদেশকে ২০২১ সালের মধ্যে একটি মধ্য আয়ের দেশে প্রতিষ্ঠা করার লক্ষ্যে এগিয়ে আসার জন্য আহ্বান

জানান। বর্তমান সরকারের প্রধান কর্মসূচী হলো বাংলাদেশকে ক্ষুধা ও দারিদ্রমুক্ত দেশ হিসেবে গড়ে তুলে বঙ্গবন্ধুর স্বপ্ন সোনার বাংলা প্রতিষ্ঠা করা।

প্রধান অতিথি প্রমোদ মানকিন স্বাধীনতা যুদ্ধের বীর শহীদদের ও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতি শ্রদ্ধাঞ্জলী জ্ঞাপন করেন। সংস্কৃতি প্রতিমন্ত্রী বলেন, তাদের আত্মত্যাগের ফলেই আজকের স্বাধীন সার্বভৌম বাংলাদেশ পৃথিবীর মানচিত্রে স্থান পেয়েছে। তিনি আরও বলেন, বঙ্গবন্ধুর গতিশীল নেতৃত্বে ও নির্দেশনায় সকল বাঙালী ঐক্যবদ্ধ হয়ে বাংলাদেশকে স্বাধীন করার জন্য দখলদার পাকিস্তানী বাহিনীর বিরুদ্ধে সর্বাঙ্গিক যুদ্ধ করেন। পাকিস্তানী হানাদবাহিনীর বিরুদ্ধে নয় মাস বীরত্বপূর্ণ যুদ্ধ করে ১৬ ডিসেম্বর ১৯৭১ সালে বাংলাদেশ স্বাধীনতা লাভ করে।

পিটার ব্লাড তাঁর বক্তৃতায় বাঙালীদের দাবীর সমর্থনে তাঁর পিতার ভূমিকার কথা আবেগরুদ্ধভাবে স্মরণ করেন। তিনি বলেন যে, বাংলাদেশের মানুষকে মুক্তিযুদ্ধে অংশগ্রহণে যে মূল্যবোধ উদ্বুদ্ধ করে তা মূলতঃ মানবাধিকার ও মর্যাদা রক্ষার বিশ্বজনীন মূল্যবোধের দ্বারা চালিত ছিল।

মিঃ স্কট বুচার বাংলাদেশের জনগনের স্বাধীনতা সংগ্রাম ও আত্মত্যাগের ভূমিকার কথা উল্লেখ করে বাংলাদেশের জনগনের প্রতি শ্রদ্ধা জানান।

বিজয় দিবসে ওয়াশিংটনস্থ বাংলাদেশ দূতাবাসকে আলোকসজ্জায় সজ্জিত করায় উৎসবমুখর দেখায়। আলোচনা ও সাংস্কৃতি অনুষ্ঠানশেষে আগত অতিথিদের বাংলাদেশী খাবারে আপ্যায়ন করা হয়।

বিজয় দিবসের অনুষ্ঠানমালার অংশ হিসেবে ১৬ ডিসেম্বর সকালে দূতাবাস প্রাঙ্গণে মান্যবর রাষ্ট্রদূত আনুষ্ঠানিকভাবে জাতীয় পতাকা উত্তোলন করে দুইদিন ব্যাপী কর্মসূচী শুরু করেন। অনুষ্ঠানে মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধানমন্ত্রী এবং মাননীয় পররাষ্ট্রমন্ত্রীর বাণী পাঠ করে শুনানো হয়। উক্ত অনুষ্ঠানে শহীদদের আত্মার মাগফেরাত এবং দেশের অব্যাহত শান্তি ও সমৃদ্ধি কামনা করে বিশেষ মুনাজাত পরিচালনা করা হয়।

স্বপন কুমার সাহা, মিনিস্টার (প্রেস), বাংলাদেশ দূতাবাস, ওয়াশিংটন ডিসি ফোন : ২০২-২৪৪-৫০৭১, ফ্যাক্স : ২০২-২৪৪-২৭৭১/৭৮৩০ ই-মেইল : pressministerwash@yahoo.com